

২০২০-২০২১ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

তারিখ : ০৪/১০/২০২১ খ্রি:

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে লালমাটিয়া মহিলা কলেজে ২য় মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন ও বিষয়ভিত্তিক কোটার মেধা তালিকা ০৫ অক্টোবর বিকাল ৪টায় প্রকাশ করা হবে। উক্ত ফলাফল SMS (nu<space>athn<space>roll no টাইপ করে 16222 নাম্বরে send করতে হবে) এর মাধ্যমে একই দিন বিকাল ৪টা থেকে এবং ভর্তি বিষয়ক ওয়েবসাইটে রাত ৯টা থেকে পাওয়া যাবে। উল্লেখ্য যে, কোটার মেধা তালিকা স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছুক শিক্ষার্থী ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে কোন শিক্ষা কার্যক্রমে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ১০ অক্টোবর ২০২১ খ্রি. তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে ভর্তি বাতিল করতে হবে।

২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির কোটার মেধা তালিকার ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে।

ক্রমিক	বিবরণ	তারিখ
১	২য় মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্য থেকে যাদের বিষয় পরিবর্তন হবে তাদের পরিবর্তিত বিষয়ের ভর্তি ফরম জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) Applicant Login অপশনে Honours Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করে প্রিন্ট কপি নিজের কাছে সংরক্ষণ করতে হবে।	০৫/১০/২০২১ থেকে ১১/১০/২০২১
২	কোটার মেধা তালিকা স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) Applicant Login অপশনে Honours Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করে প্রিন্ট কপি নিজের কাছে সংরক্ষণ করতে হবে।	০৫/১০/২০২১ থেকে ১১/১০/২০২১
৩	কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীরা বিকাশ অ্যাপস এর মাধ্যমে পেমেন্ট সিলেক্ট করে ভর্তি ফরম, প্রসপেক্টাস ফি ও বিকাশ চার্জসহ ৪৫৬/- বিকাশ নম্বর ০১৭৫২০০৫০৭১ এর মাধ্যমে পরিশোধ করতে হবে। রেফারেন্স নম্বরের অবশ্যই জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ইস্যুকৃত অনার্স ভর্তি রোল উল্লেখ করতে হবে। অতঃপর www.lalmatiyamohilacollege.edu.bd এ ভর্তির লিংকে ক্লিক করে কলেজের নিজস্ব ভর্তি ফরম যথাযথভাবে পূরণ করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম (কোটার মেধা তালিকা) ও ছবি আপলোড করে সাবমিট করতে হবে। সাবমিট করার ২৪ ঘন্টার মধ্যে শিক্ষার্থীর মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমে কলেজের ক্লাস রোল/আইডি জানিয়ে দেওয়া হবে। তারপর বিকাশ অ্যাপস থেকে পে-বিল সিলেক্ট করে প্রতিষ্ঠানে নাম ও শিক্ষার্থীর কলেজের ক্লাস রোল/আইডি নম্বর লিখে বিকাশ এর মাধ্যমে ভর্তির টাকা (১৩,৬০৭/- টাকা) পরিশোধ করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।	০৫/১০/২০২১ থেকে ১২/১০/২০২১

এছাড়াও স্বাস্থ্যবিধি মেনে কলেজের প্রশাসনিক ভবনের পশ্চিম পার্শ্বে ১০ নং কাউন্টারে নগদ ৪৫০/- টাকা জমা দিয়ে ভর্তির ফরম ও প্রসপেক্টাস সংগ্রহ করে প্রত্যেক বিষয়ের জন্য নির্ধারিত কাউন্টারে উপস্থিত হয়েও ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা যাবে।

☑ ক্যাম্পাসে উপস্থিত হয়ে ভর্তির সময় যে সকল কাগজপত্র জমা দিতে হবে :


- (ক) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাসের একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র ও প্রশংসাপত্রের মূল কপি।
- (খ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাসের রেজিস্ট্রেশন কার্ড, প্রবেশপত্র, ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র ও প্রশংসাপত্রের ফটোকপি।
- (গ) সদ্য তোলা ৫ (পাঁচ) কপি পাসপোর্ট সাইজের রঙীন ছবি।
- (ঘ) অনার্স ভর্তি ফরম ও প্রাথমিক আবেদন ফরমের মূল কপি।


☑ যারা অনলাইনে ভর্তি হবে তাদেরকে কলেজ খুললে সংশ্লিষ্ট বিভাগে উপরোক্ত কাগজপত্র অবশ্যই জমা দিতে হবে।

☑ ভর্তিকৃত শিক্ষার্থীদের অনলাইন ক্লাস চলছে।


অধ্যক্ষ

লালমাটিয়া মহিলা কলেজ
লালমাটিয়া, ঢাকা।




৪.১০.২১